# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

বিজ্ঞপ্তি নং: ৬৬/২০২৬

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩
১৮ আগস্ট ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে **'সহকারী পরিচালক (এক্স ক্যাডার-আইন)'** এর ০৫ টি পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. গ্রেড এবং বেতন স্কেল :
ক. নবম গ্রেড
খ. জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।

২. শিক্ষাগত যোগ্যতা :
ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ৪(চার) বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী;

অথবা

আইন বিষয়ে স্নাতক অথবা কোনো স্বীকৃত বিদেশী বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ৩(তিন) বছর মেয়াদী স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী।

খ. বাংলাদেশ বার কাউন্সিল এর সনদ প্রাপ্ত হতে হবে।

গ. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ থাকতে হবে।

ঘ. শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ গ্রহণযোগ্য হবে না।

ঙ. (১) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য বিভাগ |
|---|---|
| জি.পি.এ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জি.পি.এ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জি.পি.এ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(২) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সি.জি.পি.এ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় শ্রেণি/বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

| অর্জিত সি.জি.পি.এ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

চ. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৩. বয়সসীমা ০১/০৮/২০২৬ তারিখে:

ক. সকল প্রার্থীর বয়স ২১ হতে ৩২ বছর

খ. প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৯/০৮/২০২৬ তারিখ হতে ২০/০৯/২০২৬ তারিখের মধ্যে শুধু বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ২০/০৯/২০২৬ তারিখ বা তৎপূর্বে যাদের স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীর ফলাফল প্রকাশিত হয়েছে/হবে তারা আবেদনের যোগ্য হবেন।

৫. আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী উপরে উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬. আবেদন ফি: অফেরতযোগ্য টাঃ ২০০/- আবেদনের সময় Bangla QR এর মাধ্যমে প্রদান করতে হবে।
ফি প্রদান ও Payment Verification এর শেষ তারিখ ও সময় : ২৩/০৯/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।

৭. অনলাইনে আবেদন করার পর সংশ্লিষ্ট প্রার্থী Bangla QR code সম্বলিত একটি Payment Page পাবেন। মোবাইল ফোনের Payment App (Bangla QR সাপোর্ট করে এরূপ ব্যাংক/MFS) এর মাধ্যমে Bangla QR স্ক্যান করে টাঃ ২০০/- আবেদন ফি হিসেবে পরিশোধ করতে হবে। ফি প্রদান করার পর প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে। SMS প্রাপ্তির পর ওয়েবসাইটে প্রার্থীকে Verify Payment Link-এ Click করে Payment Verification সম্পন্ন করতে হবে, অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে। Payment Verification সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদর্শন করা হবে। Payment Confirm করার পর প্রার্থী Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে Tracking Page টি প্রয়োজন হবে। Payment Verification না করলে আবেদন অসম্পূর্ণ অবস্থায় বাতিল হবে এবং payment refund এর সুযোগ থাকবে না।

৮. বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ যাদের CV রয়েছে, তারা তাদের উক্ত CV এর মাধ্যমে আবেদন করবেন। প্রার্থীর নাম এবং পিতা ও মাতার নাম এস.এস.সি/সমমানের সনদে যে ভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সে ভাবে লিখতে হবে। নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/আপডেট করে নিতে হবে। যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রে অসামঞ্জস্য/ভুল তথ্য থাকলে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।

৯. অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১০. প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা এবং/অথবা লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো দলিলাদি প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১২. চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৩. আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে সনদপত্র উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৫. কোন ক্ষেত্রে দলিলাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৬. আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন করার পরামর্শ প্রদান করা হলো।

১৭. বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করা অথবা নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ শহীদ রেজা)
পরিচালক (এইচআরডি-১)

# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়, ঢাকা।
erecruitment.bb.org.bd


বিজ্ঞপ্তি নং: ৬৮/২০২৬

তারিখ ঃ ০৮ ভাদ্র, ১৪৩৩ / ২৩ আগস্ট, ২০২৬

**দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ ১৬তম গ্রেডভুক্ত 'ফর্ক লিফট অপারেটর (পুরুষ)' পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের ফলাফল প্রকাশ।**

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ ১৬তম গ্রেডভুক্ত **'ফর্ক লিফট অপারেটর (পুরুষ)'** পদে নিয়োগের লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি নং-০২/২০২৩, তারিখ-১১/০১/২০২৩ এবং পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২/২০২৫, তারিখ-২০/০১/২০২৫ এর আলোকে গৃহীত লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিম্নবর্ণিত ০২ জন প্রার্থীকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়েছে:

| মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম | জেলা |
|---|---|---|---|
| ০১ | ৬০০৬৫৪ | মোঃ রিফাত ইসলাম | নীলফামারী |
| ০২ | ৬০১২৮৫ | সামাউল ইসলাম | রাজশাহী |

নিয়োগ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ কর্তৃক সম্পাদিত হবে।

(মোঃ শহীদ রেজা)
পরিচালক (এইচআরডি-১)

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং: ৬৫/২০২৬

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

## খন্ডকালীন 'চিকিৎসক' পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি, মিরপুর এ খন্ডকালীন (পূর্ণ কর্মদিবস) 'চিকিৎসক' এর ০১টি পদে ''কাজ নেই সম্মানী নেই'' ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১। শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে। বিএমডিসি কর্তৃক মেডিকেল প্রাকটিশনার হিসেবে রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

০২। কর্মঘন্টা : পূর্ণ কর্মদিবস চিকিৎসা কেন্দ্রে উপস্থিত থেকে সেবা প্রদান করতে হবে।

০৩। বেতন : দৈনিক ৳২,৬০০/-(টাকা দুই হাজার ছয়শত মাত্র) হারে মাসান্তে সম্মানী প্রদান করা হবে। উক্ত অর্থের উপর প্রযোজ্য হারে আয়কর কর্তন করা হবে। চুক্তিভিত্তিক নিয়োগকালীন অন্য কোনো আর্থিক সুবিধা প্রদান করা হবে না এবং কোনো ধরনের ছুটি প্রাপ্য হবেন না।

০৪। চুক্তির মেয়াদ : সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে এবং এ নিয়োগ যে কোনো পক্ষের ১৫ (পনের) দিনের নোটিশে বা ১৫ (পনের) দিনের সম্মানীর সমপরিমাণ অর্থ প্রদান বা সমর্পণ সাপেক্ষে বাতিল করা যাবে।

০৫। বয়স (১৭/০৮/২০২৬ তারিখে) : সর্বোচ্চ ৬২ (বাষট্টি) বছর।

০৬। আগ্রহী প্রার্থীদেরকে পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, জীবন বৃত্তান্ত এবং প্রমাণক দলিলাদিসহ (শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সম্প্রতি ইস্যুকৃত নাগরিকত্ব সনদ ইত্যাদির সত্যায়িত কপি) আবেদনপত্র পরিচালক (এইচআরডি-১), হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০ এর বরাবরে সরাসরি/ডাকযোগে/ই-মেইলে (gm.hrd@bb.org.bd) নিম্নবর্ণিত ফরম্যাট অনুযায়ী আগামী **১৭/০৯/২০২৬** তারিখের মধ্যে প্রেরণ করতে হবে:

(A) Name: i) In English (Block Letter) :
ii) In Bangla :
(B) i) Father's Name :
ii) Mother's Name :
iii) Spouse's Name :
(C) Present Address :
(D) Permanent Address :
(E) Contact No. :
(F) Date of Birth :
(G) Nationality :
(H) Educational Qualification :

| Sl. | Name of Exam. | Division/Class/CGPA | Board/University | Year of Passing |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

(I) NID No :

Signature of the applicant

০৭। চাকরিরত প্রার্থীদেরকে তাঁদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

০৮। অসম্পূর্ণ/ ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

০৯। আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুতপূর্বক লিখিত অথবা/এবং মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।

১০। বাংলাদেশ ব্যাংকের সাথে সম্পাদিত দ্বিপাক্ষিক চুক্তির শর্তাবলী অনুযায়ী চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর চাকরি পরিচালিত হবে।

১১। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ যে কোনো প্রার্থী/প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করা অথবা নিয়োগ প্রক্রিয়া যে কোনো পর্যায়ে বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ শহীদ রেজা)
পরিচালক (এইচআরডি-১)